
আজকের কাগজ

তারিখ 21 MAY 1993
পৃষ্ঠা ৪ কলাম ৫

# গণশিক্ষা প্রসারের জন্যে কর্মসূচী প্রয়োজন

মৌলভীবাজার জেলার রাজনগর থানা একটি সুপরিচিত ও উল্লেখযোগ্য উপশহর কিন্তু এই থানায় গণশিক্ষার জন্যে কোনো আলাদা রকমের শিক্ষা প্রতিষ্ঠান নেই। গণশিক্ষার জন্যে জনগণের মনে নিরক্ষরতার অভিশাপ চিরস্থায়ীত্ব দখল করে আছে। গণশিক্ষাই পারে জনগণের নিরক্ষরতা দূরীকরণে উল্লেখযোগ্য ভূমিকা রাখতে। গণসচেতনতা ও হাতের লেখা স্বাক্ষরলিপির মাধ্যমে তাদের সুষ্ঠু জ্ঞান দেয়া সম্ভব। জ্ঞানের আলো সর্বমহলে ছড়িয়ে ছিটিয়ে দেয়াই শিক্ষিত সমাজের দায়িত্ব অপরিসীম। গণশিক্ষা কার্যক্রম চালুর মাধ্যমে জন সমাজ গড়ে দেশের জনগণকে জনশক্তিতে রূপান্তরিত করাই



শিক্ষার মূল লক্ষ্য। মর্যাদা রক্ষা করতে হবে। গণ শিক্ষার জন্যে একটি বিশেষ ধরনের শিক্ষা প্রতিষ্ঠান এই থানায় বিশেষ প্রয়োজন। উদার মননশীলতা গড়ে সমাজকে উন্নত করতে একটি শিক্ষিত জন গোষ্ঠীর প্রয়োজন। অতএব, গণমনে শিক্ষার আলো জ্বালিয়ে দেশের মৌলিক সম্পদ রক্ষার্থে রাজনগর থানায় একটি গণশিক্ষা কেন্দ্র স্থাপনের জন্যে দেশের বর্তমান গণতান্ত্রিক সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। অনুরূপভাবে দেশব্যাপী গণশিক্ষা প্রসারের জন্যে সরকারের কর্মসূচি গ্রহণ করা উচিত।

***মোঃ আজিজুল ইসলাম (আজিজ),***
*সোনাপুর রোড– বড়বাড়ি,*
*মৌলভীবাজার।*